গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**অধ্যক্ষের কার্যালয়**
# আযম খান সরকারি কমার্স কলেজ, খুলনা
web site : .akcc.gov.bd

দূরালাপনীঃ ০২৪৭৭-৭২২৬১৮
E-mail: azamkhancollege@yahoo.com
azamkhancollege@gmail.com

তারিখঃ ০২/০৮/২০২৩খ্রি.

## ২০২২-২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণির ভর্তির বিজ্ঞপ্তি

**ভর্তির প্রাথমিক আবেদন ফরম nu.ac.bd/admissions ওয়েবসাইটে পাওয়া যাবে।**

| | |
|---|---|
| ১। অনলাইনে ভর্তি ফরম পূরণ ও এর প্রিন্ট কপি সংগ্রহ | : ০২/০৮/২০২৩ থেকে ৩০/০৮/২০২৩ খ্রি. রাত ১২ টা পর্যন্ত। |
| ২। প্রাথমিক আবেদন ফি অনলাইনে'Sonali e sheba'এর মাধ্যমে জমা | : ১৬/০৮/২০২৩ থেকে ৩১/০৮/২০২৩ তারিখ পর্যন্ত। |
| ৩। আবেদন ফরম কলেজ অফিসে জমা দেওয়ার তারিখ | : ১৬/০৮/২০২৩ থেকে ৩১/০৮/২০২৩ তারিখ পর্যন্ত। |

৪। 'Sonali e sheba'এর মাধ্যমে অনলাইন https://sbl.com.bd:7070/CollegeFee/Paymentএ গিয়ে Application Fees অথবা Google Play Store এ গিয়ে Mobile App এ 'Sonali e sheba 'ডাউনলোড করে এর মাধ্যমে ভর্তির জন্য প্রাথমিক আবেদন ফি বাবদ ২৫০(দুইশত পঞ্চাশ)টাকা পরিশোধের পর Payment Slip প্রিন্ট করে নির্ধারিত স্থানে তারিখসহ স্বাক্ষর করে যথাসময়ে কলেজ অফিসে জমা দিতে হবে। (সরাসরি নগদ টাকা নেয়া হবে না)

৫। আবেদনের যোগ্যতা ও শর্তাবলী

ক) বাংলাদেশে স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড/উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের সকল শাখা থেকে ২০১৮/২০১৯/২০২০ সালের SSC ও সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ ২.০ এবং ২০২০/২০২১/২০২২ সালের HSC ও সমমান পরীক্ষায় ৪র্থ বিষয়সহ ন্যূনতম জিপিএ ২.০ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

খ) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড থেকে শুধুমাত্র i) এইচ.এস.সি. (ভোকেশনাল) ii) এইচ.এস.সি. (বিজনেস্ ম্যানেজমেন্ট) iii) ডিপ্লোমা-ইন-কমার্স পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা অনুচ্ছেদ-১ এর ক নং শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে।

গ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২০-২০২১ অথবা ২০২১-২০২২ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল ও স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে ভর্তি হওয়ার পর রেজিস্ট্রেশন কার্ড ইস্যু হয়ে থাকলে সে সকল শিক্ষার্থী ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) কোর্সে ভর্তি হতে পারবে না। তবে নির্ধারিত সময়ের মধ্যে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিলপূর্বক ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) কোর্সে ভর্তি হতে পারবে।

ঘ) একই শিক্ষাবর্ষে অথবা দুটি ভিন্ন শিক্ষাবর্ষে কোন শিক্ষার্থী স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল অথবা স্নাতক (পাস) নিয়মিত কোর্সে দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

ঙ) প্রাথমিক আবেদন ফরমে আবেদনকারীর কোন তথ্য/ছবি ভুল অথবা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে ঐ আবেদনকারীর ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

৬। অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণ সম্পর্কিত করণীয় :

ক) আবেদনকারীকে ভর্তি বিষয়ক ওয়েবসাইটের Degree Pass Tab-এ গিয়ে Apply Now (Degree Pass) অপশনে ক্লিক করতে হবে এবং ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য ছকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, শিক্ষা বোর্ড/বিশ্ববিদ্যালয়, পাসের সন ও একটি নিবন্ধিত মোবাইল নম্বর (নিজের অথবা অভিভাবকের) সঠিকভাবে এন্ট্রি দিতে হবে। উল্লেখ্য যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে ভবিষ্যতে শিক্ষার্থীকে শিক্ষা সহায়ক সকল তথ্য প্রদানের ক্ষেত্রে এই মোবাইল নম্বরটি ব্যবহার করা হবে।

খ) ডাটাবেজে সংরক্ষিত তথ্য অনুযায়ী আবেদনকারীর তথ্য ছকে Male এর স্থলে Female অথবা Female এর স্থলে Male প্রদর্শিত হলে Click to Change অপশনে গিয়ে সঠিক Gender এন্ট্রি দিতে হবে। উল্লেখ্য যে, ইচ্ছাকৃত অথবা Gender টির কারণে কোন পুরুষ আবেদনকারী মহিলা কলেজে আবেদন করলে ঐ আবেদনকারীর আবেদন ফরম/ভর্তি বাতিল বলে গণ্য হবে।

গ) এ পর্যায়ে আবেদনকারী তার ভর্তি যোগ্য (Eligible) কোর্সের তালিকা দেখতে পাবে। আবেদনকারী তার পছন্দ অনুযায়ী বিভাগ ও জেলাভিত্তিক যে কোন কলেজের নাম Select করলে সংশ্লিষ্ট কলেজে ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণির ভর্তি যোগ্য কোর্সসমূহের নাম ও আসন সংখ্যা দেখতে পাবে। এই তালিকা থেকে আবেদনকারীকে সর্তকতার সঙ্গে তার প্রার্থিত কোর্সের পছন্দক্রম নির্ধারণ করতে হবে।

ঘ) আবেদনকারী মুক্তিযোদ্ধার সন্তান/আদিবাসি/প্রতিবন্ধী/পোষ্য কোটায় আবেদন করতে ইচ্ছুক হলে তথ্য ছকের নির্দিষ্ট স্থানে তার জন্য প্রযোজ্য কোটা Select করতে হবে। এখানে উল্লেখ্য যে, পোষ্য কোটায় শুধুমাত্র জাতীয় বিশ্ববিদ্যালয়ে বর্তমানে কর্মরত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের সন্তান/সন্তানাদি আবেদন করতে পারবে। কোটায় আবেদনের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদপত্র থাকতে হবে। একজন আবেদনকারী এক বা একাধিক কোটায় যোগ্য হলে সেক্ষেত্রে কোটার পছন্দক্রম নির্ধারণ করে দিতে হবে। উল্লেখ্য যে, কোটার জন্য সংরক্ষিত আসন কোর্সভিত্তিক মোট আসনের অতিরিক্ত হিসাবে বিবেচিত হবে। কোটায় আবেদনকারী কোন শিক্ষার্থী মেধা তালিকায় স্থান পেয়ে ভর্তি হলে ঐ শিক্ষার্থীকে কোটার মেধা তালিকায় অর্ন্তভুক্ত করা হবে না।

H-BBAP

০২.৮.২০২৩

০২/০৮/২৩

ঙ) প্রাথমিক আবেদন ফরম পূরণের সময় আবেদনকারীর সম্প্রতি তোলা পাসপোর্ট আকারের রঙ্গিন ছবি Scan করে আপলোড করতে হবে। ছবির মাপ হবে 120×150 pixels, Image Type: jpg এবং maximum file size:50kb. আবেদনকারীর ছবি ব্যতীত অন্য কোন ছবি প্রাথমিক আবেদন ফরমে আপলোড করা হলে ঐ আবেদনকারীর ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

চ) আবেদনকারীকে সঠিক ছবি ও তথ্যসহ ছক পূরণ করে Submit Application অপশনে ক্লিক করতে হবে। এ পর্যায়ে আবেদনকারীর রোল নম্বর ও পিন ওয়েবসাইটে প্রদর্শিত হবে এবং আবেদনকারীকে ফরমটি ডাউনলোড করে A4 (8.5"×11") অফসেট সাদা কাগজে] প্রিন্ট/pdf কপি সংগ্রহ করতে হবে।

ছ) পূরণকৃত আবেদন ফরমের ত্রুটি সংশোধন: আবেদনকারীকে তার প্রাথমিক আবেদন ফরমে প্রদর্শিত সকল তথ্য ও ছবি সঠিক আছে কিনা তা পুঙ্খানুপুঙ্খভাবে যাচাই করে নিতে হবে। আবেদন ফরমে তথ্যগত অমিল বা ত্রুটিপূর্ণ ছবি থাকলে তা সংশোধন করতে হবে। আবেদন ফরম সংশোধনের জন্য আবেদনকারীকে Applicant Login অপশনে Degree Pass Login লিংকে গিয়ে আবেদন ফরমের রোল নম্বর ও পিন এন্ট্রি দিতে হবে। এ পর্যায়ে আবেদনকারী Form Cancel/Photo Change Option লিংকে গিয়ে Click to Generate the Security Key অপশনটি ক্লিক করলে তার আবেদন ফরমে উল্লিখিত ব্যক্তিগত মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে One Time Password (OTP) দেয়া হবে। এই OTP এন্ট্রি দিয়ে আবেদনকারী তার আবেদন ফরমটি বাতিলপূর্বক নতুন করে আবেদন ফরম পূরণ ও সঠিক ছবি আপলোড করতে পারবে। উল্লেখ্য যে, আবেদনকারী শুধুমাত্র একবারই ফরম বাতিলের সুযোগ পাবে। কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়ন করা হলে ঐ আবেদনকারী আর ফরম বাতিল করতে পারবে না।

জ) আবেদনকারীকে প্রিন্ট করা প্রাথমিক আবেদন ফরমের নির্ধারিত স্থানে তারিখসহ স্বাক্ষর করতে হবে। আবেদনকারী কর্তৃক স্বাক্ষরিত এই আবেদন ফরম ও প্রাথমিক আবেদন ফি বাবদ ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা সংশ্লিষ্ট কলেজে (কলেজ কর্তৃক নির্ধারিত মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে) যথাসময়ে জমা দিতে হবে। সংশ্লিষ্ট কলেজ যে সকল আবেদনকারীর প্রাথমিক আবেদন ফরম অনলাইনে নিশ্চয়ন করবে, সে সকল আবেদনকারীকে SMS এর মাধ্যমে তা জানিয়ে দেয়া হবে। কলেজে আবেদন পত্র জমা দেয়ার পরে আবেদনকারী তার মোবাইল ফোনে SMS না পেলে বুঝতে হবে যে, তার আবেদন ফরম সংশ্লিষ্ট কলেজ কর্তৃক নিশ্চয়ন করা হয়নি। এক্ষেত্রে আবেদনকারীকে সংশ্লিষ্ট কলেজে নির্ধারিত সময়ের মধ্যে যোগাযোগ করতে হবে। কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন অনলাইনে নিশ্চয়ন ব্যতীত কোন আবেদনকারীর মেধা তালিকা প্রণয়ন করা হবে না।

**৭। দ্বৈত ভর্তি সম্পর্কিত জ্ঞাতব্য**

২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি কার্যক্রমের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত কোন শিক্ষার্থী ২০২০-২০২১ অথবা ২০২১-২০২২ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে ভর্তি হয়ে রেজিস্ট্রেশন কার্ড প্রাপ্ত হলে তাকে অবশ্যই পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিল করে এ শিক্ষা কার্যক্র ম ভর্তি হতে হবে। উক্ত শর্ত ভঙ্গ করে কোন শিক্ষার্থী দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে। উল্লেখ্য যে, ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে স্নাতক (পাস) ভর্তি কার্যক্রম চলমান থাকা অবস্থায় কোন শিক্ষার্থী উক্ত শিক্ষাবর্ষের ভর্তি বাতিল করলে তা পুন:বহাল করার কোন সুযোগ থাকবে না।

০২.৮.২০২৩

০২/৮/২৩

প্রফেসর কার্ত্তিক চন্দ্র মন্ডল (৬০৬৪)
অধ্যক্ষ
আযম খান সরকারি কমার্স কলেজ
খুলনা।

০২/৮/২৩